# বারিধারায় পাকিস্তান হাইকমিশনারের বাসভবনে আগুন



ছবি: সংগৃহীত

রাজধানীর বারিধারায় পাকিস্তান হাইকমিশনারের সরকারি বাসভবনে অগ্নিকাণ্ডের ঘটনায় হাইকমিশনার ইমরান হায়দার ও তার স্ত্রী নাইমা ইমরান ধোঁয়ায় অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

বৃহস্পতিবার (৬ আগস্ট) ভোর ৪টা ৫৫ মিনিটে আগুন লাগার খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের কর্মকর্তা আনোয়ারুল ইসলাম দোলন জানান, ঘটনাস্থলে পৌঁছে তারা মূল আগুনের চেয়ে ঘন ধোঁয়ার উপস্থিতি বেশি দেখতে পান। অল্প সময়ের মধ্যেই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, বৈদ্যুতিক ত্রুটির কারণে টেলিভিশন থেকে আগুনের সূত্রপাত হয়েছে।

ঘটনার সময় হাইকমিশনার ও তার স্ত্রী নিরাপদে বেরিয়ে এলেও অতিরিক্ত ধোঁয়া শ্বাস নেওয়ায় তারা অসুস্থ হয়ে পড়েন। পরে সকাল ৯টার দিকে তাদের রাজধানীর গুলশানের কন্টিনেন্টাল হাসপাতালে নেওয়া হয়।

হাসপাতাল সূত্র জানায়, হাইকমিশনারের স্ত্রী সাধারণ ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছেন। অন্যদিকে, হাইকমিশনারকে নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) রাখা হয়েছে। তাদের চিকিৎসা চলছে।

LENS ASIA